



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩

web: www.rmscraj.edu.bd/e-mail: mail.rmssc@gmail.com



তারিখ : ১৪/১১/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে
অধ্যয়নরত শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের লক্ষ্যে তথ্যছক (হার্ডকপি)
পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ইউনিক (UID) আইডি প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য শিক্ষার্থী তথ্যছক দুটি অংশে প্রনয়ণ করা হয়েছে। শিক্ষার্থী তথ্যছক “ক” এবং “খ” যথাযথভাবে পূরণপূর্বক তার হার্ডকপি আগামী ২০/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে ১১৩ নং কক্ষে জমাদানের জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া যাচ্ছে। প্রদত্ত পূরণকৃত তথ্যছকের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে। উল্লেখ্য (শিক্ষার্থীর তথ্যছক এবং নির্দেশনা রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ওয়েবসাইটে (www.rmscrsj.edu.bd) পাওয়া যাবে)।

শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের করণীয় :

০১। শিক্ষার্থী নিজে অথবা পিতা/মাতা/অভিভাবকের সহায়তায় তথ্যছকটি (অংশ “ক”) যথাযথভাবে পূরণ করবে।

০২। তথ্যছকের সাথে সাপোর্টিং ডকুমেন্ট, যেমন-শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড), শিক্ষার্থীর জন্মসনদ এর ফটোকপি, পিতা ও মাতা/অভিভাবকের জাতীয় (NID) পরিচয়পত্রের ফটোকপি এবং জন্মসনদের ফটোকপি (যদি থাকে) সংযুক্ত করবেন।

০৩। যদি কোন পিতা/মাতা/অভিভাবকের জন্মসনদ না থাকে তাহলে জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট স্থানীয় ইউনিয়ন পরিষদের তথ্য সেবা দপ্তরে যোগাযোগ করে তথ্য সংগ্রহের ব্যবস্থা করবেন।

০৪। শিক্ষার্থী কর্তৃক তথ্যছক পূরণের পর যাচাইপূর্বক পিতা/মাতা/অভিভাবক তথ্যছকের যথাস্থানে স্বাক্ষর/টিপসই প্রদান করবেন।

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩



web: www.rmscraj.edu.bd/e-mail: mail.rmssc@gmail.com

তারিখ : ১৪/১১/২০২১ খ্রি.

তথ্যছক পূরণ সংক্রান্ত নির্দেশনা

- ০১। শিক্ষার্থীর নাম বাংলায় স্পস্ট অক্ষরে পূরণ করতে হবে।
- ০২। শিক্ষার্থীর নাম ইংরেজীতে স্পস্ট বড় অক্ষরে প্রতিটি ঘর পূরণ করতে হবে। প্রতিটি শব্দ পূরণের পর ১টি ঘর ফাঁকা রাখতে হবে।
- ০৩। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ অনুযায়ী জন্মনিবন্ধন নম্বর প্রতিটি ঘরে ১টি ডিজিট দ্বারা পূরণ করতে হবে।
- ০৪। শিক্ষার্থীর জন্ম তারিখ জন্মনিবন্ধন সনদ অনুযায়ী নির্ধারিত ঘরে প্রথমে ২ ডিজিটে কততম দিন অতঃপর ২ ডিজিটে কততম মাস এবং জন্মসনদের সাল ৪ ডিজিটে পূরণ করতে হবে।
- ০৫। শিক্ষার্থীর জন্মস্থান বলতে নিজ জেলাকে বুঝানো হয়েছে। ঘরটি জেলার নাম দ্বারা পূরণ করতে হবে।
- ০৬। (৬-১৩) প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) চিহ্ন দিতে হবে।
- ১৪। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে ঘরে টিক (✓) চিহ্ন প্রদান করতে হবে। অন্যথায় পূরণের প্রয়োজন নাই।
- ১৪। ১৪ নং প্রশ্নে হ্যাঁ হলে বর্ণিত ১৩টি বিকল্পের মধ্যে প্রযোজ্যটিকে (✓) চিহ্ন দিতে হবে।
- ১৫ ও ১৬। মাতা এবং পিতার জাতীয় পরিচায়পত্র এর বিদ্যমান তথ্য অনুযায়ী ক, গ, ঘ, ঙ অংশ পূরণ করতে হবে।
- ‘খ’ নম্বর অংশ মাতা ও পিতার জন্মনিবন্ধন সনদ অনুযায়ী পূরণ করতে হবে (যদি থাকে)। মাতা ও পিতার সার্বক্ষণিক ব্যবহৃত মোবাইল নম্বর, পেশা এবং মাতা ও পিতা মৃত হলে শুধুমাত্র সাল উল্লেখ করতে হবে।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

১৭। শিক্ষার্থীর বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট তথ্যাদি “ক-ট” পর্যন্ত যথাযথভাবে পূরণ করতে হবে।

১৮। শিক্ষার্থীর পিতা অথবা পিতার অবর্তমানে মাতার ঠিকানা তার স্থায়ী ঠিকানা বিবেচনায় পিতা/মাতার জাতীয় পরিচয় পত্র অনুযায়ী “ক-ট” পর্যন্ত পূরণ করতে হবে যা জাতীয় (NID) পরিচয় পত্র কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত ডেটার সাথে যথাযথ যাচাই করা হবে।

১৯। শিক্ষার্থীর পিতা-মাতা উভয়েই মৃত হলে যিনি অভিভাবকের দায়িত্ব পালন করছেন তাঁর সংশ্লিষ্ট তথ্যাদি “ক-ঙ” অংশে পূরণ করতে হবে।

২০। তথ্যছকটির “ক” অংশ যথাযথভাবে পূরণের পর শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক তা প্রত্যয়ন করবেন এবং যথাস্থানে তার নাম ও সক্ষম হলে স্বাক্ষর প্রদান করবেন।

শিক্ষার্থীর আইডি :

শিক্ষার্থীর তথ্যছকের অংশ “ক” সকল তথ্য এন্ট্রির পর (System) সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর আইডি (Generate) জেনারেট হবে। শিক্ষার্থী বা প্রতিষ্ঠানকে পূরণ করতে হবে না।

ইউনিক আইডি :

স্বয়ংক্রিয়ভাবে (ORG) এর ডেটাবেজ থেকে (Generate) জেনারেট হবে। শিক্ষার্থী/শিক্ষকের পূরণ করার প্রয়োজন হবে না।

বিঃদ্রঃ- পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র না থাকলে জরুরী ভিত্তিতে জাতীয় পরিচয়পত্র সংগ্রহের উদ্যোগ নিতে হবে।



অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।